উপজেলা পরিষদ

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

## বিষয় ঃ ডিসেম্বর/২০২০ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

তারিখ ঃ ১০-১২- ২০২০

সময় ঃ সকাল ১১:০০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরনী পাঠক্রমে সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

সভায় বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ-

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা বিশ্বব্যাপী করোনা ভাইরাস মহামারী আকারে ছড়িয়ে পড়ায় দুঃখ প্রকাশ করেন। আমাদের দেশে এ ভাইরাসে আক্রান্তের সংখ্যা বেড়েই চলছে । কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ (সেকেন্ড ওয়েভ) পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সকলকে শতভাগ স্বাস্থ্যবিধি গাইড লাইন অনুসরণ করতে হবে। অদ্যাবধি রূপগঞ্জ উপজেলায় করোনায় আক্রান্ত মোট ১৪৭১জন, এর মধ্যে সুস্থ্য হয়েছে ১৩৮৬ জন, মোট মৃত্যু ১২ জন। এ ভাইরাস হাঁচি, কাশির মাধ্যমে এক জন হতে অন্য জনের কাছে ছড়ায়। প্রথমত নিজেকে নিরাপদ রাখতে হবে। সবাইকে মাস্ক, হাত গ্লাভস ব্যবহার করতে হবে। কোন ব্যক্তি আক্রান্ত হলে সে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে। কিছুক্ষণ পর পর সাবান দিয়ে ২০/৩০ সেকেন্ড ধরে হাত ধৌত করতে হবে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের হাত ধোয়ার বিষয়ে সচেতন করে গড়ে তুলতে হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সেবার মান সন্তোষজনক পর্যায়ে রেখে কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা |
| ২ | উপজেলা প্রকৌশল বিভাগ | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য | | |
| ৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, ২০২০-২০২১ অর্থ বছরে রবি মৌসুমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার(ডিএপি ও এমওপি) সরবরাহ করার নিমিত্তে কৃষি পুনবার্সন এবং কৃষি প্রণোদনা বরাদ্দ প্রদান করা হয়েছে। সকল উপকরণ বিতরন করা হয়েছে।<br>উপজেলাওয়ারী পুনবার্সন কর্মসূচির বিভাজনঃ<br>উপজেলার নাম: রূপগঞ্জ — ফসলের নাম: গম ১০০, সরিষা ১৫০, সূর্যমূখী ৫০, মসুর ২০, খেসারী ৫০, টমেটো ৮০, মরিচ ৫০<br>উপজেলাওয়ারী ওয়ারী প্রণোদনা কর্মসূচির বিভাজনঃ<br>উপজেলার নাম: রূপগঞ্জ — ফসলের নাম: বোরো ৩০০, ভূট্টা ৩০, সরিষা ১০০, চিনাবাদাম ১০, পেঁয়াজ ১০<br>প্রণোদনা কর্মসূচির আওতায় বোরো বীজ সহায়তা ১৫০০ জন কৃষকের মাঝে ৩০০০ কেজি হাইব্রিড জাতের বীজ ধান বিতরন করা হয়েছে। ৭১০০ হেক্টর জমিতে বোরো ধান রোপনের লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে। | মনিটরিং অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |

উপজেলাওয়ারী পুনবার্সন কর্মসূচির বিভাজনঃ

| উপজেলার নাম | ফসলের নাম | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | গম | সরিষা | সূর্যমূখী | মসুর | খেসারী | টমেটো | মরিচ |
| রূপগঞ্জ | ১০০ | ১৫০ | ৫০ | ২০ | ৫০ | ৮০ | ৫০ |

উপজেলাওয়ারী ওয়ারী প্রণোদনা কর্মসূচির বিভাজনঃ

| উপজেলার নাম | ফসলের নাম | | | | |
|---|---|---|---|---|---|
| | বোরো | ভূট্টা | সরিষা | চিনাবাদাম | পেঁয়াজ |
| রূপগঞ্জ | ৩০০ | ৩০ | ১০০ | ১০ | ১০ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বর্তমানে ২৬০ হেক্টর জমিতে বোরো বীজতলা স্থাপন করা হয়েছে। মাঠের অবস্থা ভাল। রাসায়নিক সারের মজুদ স্বাভাবিক রয়েছে। বর্তমানে ১৫০ মেঃ টন ইউরিয়া, ১৭০ মেঃ টন,টিএসপি, ২৭০ মেঃ টন ডিএপি এবং ৭৫ মেঃ টন এমওপি সার মজুদ রয়েছে। বর্তমানে সারের কোনো সংকট নেই। মনিটরিং অব্যাহত রয়েছে। | | |
| ৪ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। মাছের আড়ৎ ও বাজার মনিটরিং অব্যাহত আছে। পিরানহা ও আফ্রিকান মাগুর যাতে বাজারে বিক্রি না হয় এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টিতে জনপ্রতিনিধিসহ সকলের সহায়তা কামনা করছি। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রণিসম্পদ কর্মকর্তা জানান যে, ডিসেম্বর/২০২০ মাসের কার্যবিবরণী সভায় উপস্থাপন করায়-<br>১। গবদিপশুর কৃত্রিম প্রজনন- ১২১৯ টি।<br>২। সংকর জাতের বাছুর উৎপাদন- ৩৯৯ টি<br>৩। গবাদিপশুর টিকা প্রদান- ৩০০৮ টি।<br>৪। হাঁস-মুরগির টিকা প্রদান- ৮৮৯০০ টি।<br>৫। গবাদি পশুর চিকিৎসা প্রদান- ১১০৬ টি।<br>৬। হাঁস-মুরগির চিকিৎসা প্রদান- ১৩২১০ টি।<br>৭। পোষা প্রাণির চিকিৎসা প্রদান- ১২টি।<br>৮। উঠান বৈঠকের আয়োজন সংখ্যা- ০৪টি।<br>৯। উঠান বৈঠকে অংশগ্রহনকারীর সংখ্যা- ৬০ জন।<br><br>দপ্তরের অন্যান্য কার্যাক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৬ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | **(ক) টিআর কর্মসূচি-১ম পর্যায়**<br>(১) ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক নন-সোলার খাতে ১৮,০৬,৩১৮.৭৮ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং বরাদ্দকৃত অর্থ দ্বারা ২৩টি প্রকল্পের অনুমোদন পাওয়া গিয়েছে, কাজ চলমান।<br>(২) ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন-সোলার খাতে ৪৯,৫৭,৬৬৬.৬৬ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং বরাদ্দকৃত অর্থ দ্বারা ৬৮টি প্রকল্পের অনুমোদন প্রক্রিয়াধীন।<br>(২) ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন-সোলার খাতে ২য় পর্যায়-৪৯৫৭৬৬৬.০০ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে।<br><br>**(খ)কাবিখা/কাবিটা কর্মসূচি-১ম পর্যায়**<br>(১) ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক নন-সোলার খাতে ১ম পর্যায় ৬৯.৩১০১ মে:টন চালের মূল্য বাবদ ৩১,০২,৭৭৬.০৬৭ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং বরাদ্দকৃত অর্থ দ্বারা ০৯টি প্রকল্পের অনুমোদন পাওয়া গিয়েছে, কাজ চলমান। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (২) ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক নন-সোলার খাতে ২য় পর্যায় -১৮২৩৪০৮.৯৯ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং বিধি মোতাবেক ইউনিয়ন ওয়ারী বিভাজন করে তালিকা দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পত্র দেয়া হয়েছে।<br><br>(৩) ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন- সোলার খাতে ১৬০.৫৫৫ মে:টন চালের মূল্য বাবদ ৭১,৮৭,৫২২.৯৬২ বরাদ্দ পাওয়া গিয়াছে এবং বরাদ্দকৃত অর্থ দ্বারা ৩১টি প্রকল্পের অনুমোদন প্রক্রিয়াধীন।<br><br>(৪) ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন- সোলার খাতে ২য় পর্যায়-৫২৭৯৮৬৭.০০ বরাদ্দ পাওয়া গিয়াছে।<br><br>**(গ) সেতু/কালভার্ট কর্মসূচি**<br><br>(১) ২০১৮-২০১৯ অর্থ বছরে গৃহীত ১১টি সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের কার্যাদেশপত্র প্রদান করা হয়েছে। ৬টি প্রকল্পের কাজ চলমান।<br>**(ঘ) ইজিপিপি কর্মসূচি-২য়**<br><br>(১) ২০২০-২০২১ অর্থ বছরে অতিদরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ১৯৯৭জন শ্রমিকের বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত অর্থ দ্বারা ৩২টি প্রকল্পের অনুমোদন পাওয়া গিয়েছে, কাজ চলমান।<br>**ঙ) বন্যা প্রবণ ও নদী ভাঙন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ :**<br><br>গোলাকান্দাইল ইউনিয়নের মজিবুর রহমান ভূইয়া উচ্চ বিদ্যালয়ে বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্পের কাজ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের তত্বাবধানে বাস্তবানের লক্ষে মেসার্স আশা কন্সট্রাকশন এর নামে কার্যাদেশপত্র জারী করা হয়েছে। কাজ চলমান। দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান। | | |
| ৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সবাইকে স্বাগত শুভেচ্ছা জানান। করোনা পরিস্থিতি মোকাবেলায় উপজেলা প্রশাসন, রূপগঞ্জ এর সাথে আমরা সম্মিলিত ভাবে কাজ করে যাচ্ছি। আমাদের মাঠ কর্মীরা মাঠে কাজ করছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ৮ | শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার বলেন, যদিও শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে তথাপি শিক্ষার্থীদের সাথে আমাদের যোগাযোগ রয়েছে। ইতোমধ্যে আমাদের প্রাথমিক বিদ্যালয়ের বই চলে আসছে। যথাসময়ে বিতরণ করা হবে। এফএম রেডিও ১০৬ এর মাধ্যমে আমাদের নিয়মিত ক্লাস কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। মন্ত্রণালয় কর্তৃক আমাদের রূপগঞ্জ উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণের বিষয়ে ৫৭টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৫১টি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মানের অনুমোদন পেয়েছি এবং কার্যক্রম চলমান রয়েছে। এজন্য তিনি মন্ত্রী মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জানান। এছাড়া সরকারি নির্দেশনা মোতাবেক আমরা বিভিন্ন সময়ে বিভিন্ন প্রতিযোগিতা সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজন করে যাচ্ছি। শতভাগ সততা স্টোর প্রতিষ্ঠা করা এবং বিদ্যালয়ে কুইজ প্রতিযোগিতা ইত্যাদি বিষয়গুলো নিয়মিতভাবে মনিটরিং করা হয়। মুজিববর্ষ উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি এবং তা বাস্তবায়নে কাজ করে যাচ্ছি। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, যদিও শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে তথাপি শিক্ষার্থীদের সাথে আমাদের যোগাযোগ অব্যাহত আছে। আমাদের উপজেলার মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে এসাইনমেন্ট এর কার্যক্রম চলমান রয়েছে। প্রত্যেক শিক্ষার্থী ১৮টি করে এসাইনমেন্ট জমা দিবেন। কোনো প্রতিষ্ঠান এসাইনমেন্টের জন্য শিক্ষার্থীদের নিকট হতে কোনো প্রকার ফি নিতে পারবে না। ২০২১ সালের পাঠ্য পুস্তক চলে আসছে; কিছু বাকি আছে। বই যথাসময়ে বিতরণ করা হবে। মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে স্কুল ভিক্তিক (ভার্চুয়াল) বিভিন্ন প্রতিযোগিতা চলমান রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকলেও প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান এর অফিস কক্ষ খোলা থাকবে এবং শিক্ষা প্রতিষ্ঠান পরিস্কার পরিচ্ছন্নতা রাখার বিষয়ে নির্দেশনা দেয়া হয়েছে। ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জেএসসি পরীক্ষা বন্ধ করা হয়েছে। সরকারি নির্দেশনা মোতাবেক সুষ্ঠু ও সুন্দরভাবে বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন করা হচ্ছে। আমরা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইন ক্লাসের ব্যবস্থা করেছি। সকল শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ সততা স্টোর স্থাপনে নির্দেশনা প্রদান করা হয়েছে। আমরা সকল শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন করবো। সকল শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনের মাধ্যমে বইয়ের চাহিদা জমা দিচ্ছে। সরকারের নির্দেশনা মোতাবেক আমরা নোট বই ও গাইড বইকে নিষিদ্ধ করেছি। মুজিববর্ষ উপলক্ষে আমরা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি এবং তা বাস্তবায়নে কাজ করে যাচ্ছি। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা অফিসার বলেন- সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২০-২১ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাসহ সকল ভাতা ও উপবৃত্তি জিটুপি পদ্ধতিতে বিতরণ করতে হবে। সে লক্ষ্যে উপকারভোগীদের এমআইএস এর ডাটাএন্ট্রি কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত প্রায় ৭৫% ডাটাএন্ট্রি সম্পন্ন হয়েছে। শতভাগ সম্পন্ন করতে হলে মৃত, নিরুদ্দেশ ও বয়সের কারণে বাদ পড়া ব্যক্তিদের দ্রুত প্রতিস্থাপন করা প্রয়োজন। সে মতে প্রতিস্থাপনের নিমিত্ত অগ্রাধিকার তালিকা প্রেরণের জন্য ইউনিয়ন/ পৌরসভায় পত্র দেওয়া হয়েছে। কিন্তু অদ্যাবধি তালিকা পাওয়া যায়নি। কাজেই বিষয়টির গুরুত্ব অনুধাবন পূর্বক অনতিবিলম্বে তালিকা প্রেরণের জন্য তিনি সকল চেয়ারম্যান / পৌর মেয়র মহোদয়গণের দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া প্রতিবন্ধিতা শনাক্তকরণ ও আইডি কার্ড প্রদান সহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি জানান। | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, ২০২০-২১ অর্থ বছরে ১১৯ জনকে ৩২,০০০০০/- (বত্রিশ লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়। ৩টি ব্যাচে ৭৫জনকে সেলাই প্রশিক্ষন দেয়া হয়। নতুন দুইটি যুব সংগঠনের রেজিস্ট্রেশন করা হয়। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে তিনি সভাকে অভিহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১২ | মহিলা বিষয়ক | মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, এ কার্যালয়ের আইজিএ ও ডব্লিউ টিসিসি প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ২০২০-২১ অর্থ বছরের জানুয়ারি/২০২১ হতে ডিসেম্বর/২৩ পর্যন্ত ভিজিডি উপকার ভোগীদের অনলাইন আবেদন শেষ হয়েছে। উপজেলা ভিজিডি কমিটি কর্তৃক চুড়ান্ত অনুমোদন প্রক্রিয়াধীন। মাতৃত্বকাল কর্মসূচি: ২০২০-২১ অর্থ বছরের প্রতি ইউনিয়নে ৫০জন করে মোট ৩৫০ জন উপকার ভোগীর অনলাইন আবেদন সম্পন্ন হয়েছে। উপজেলা কমিটির চুড়ান্ত অনুমোদন প্রক্রিয়াধীন। কর্মজীবী ল্যাকটেটিং মাদার কর্মসূচি: ২০২০-২১ অর্থ বছরের কাঞ্চন পৌরসভার ৫০জন ও তারাব পৌরসভার ৪০জন উপকার ভোগীদের অনলাইন আবেদন সম্পন্ন হয়েছে। চূড়ান্ত অনুমোদন প্রক্রিয়াধী। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | বিআরডিবি | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে জানান। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা জনস্বাস্থ্য সহকারী প্রকৌশল অধিদপ্তর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে তিনি সভাকে অভিহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৫ | সমবায় | উপজেলা সমবায় অফিসার তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে জানান। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৬ | খাদ্য নিয়ন্ত্রক অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর, অক্টোবর এবং নভেম্বর/২০২০ খ্রিঃ মাসে খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ০৭টি ইউনিয়নের ৯০২৯ জন দরিদ্র ভোক্তাকে ১০/- টাকা কেজি দরে প্রতিমাসে ডিলারের মাধ্যমে ৩০ কেজি চাল দেয়া হয়েছে। চালের বাজার দর উর্ধ্বগতি ছিলো বিধায় উক্ত দরে চাল পেয়ে ভোক্তাগণ উপকৃত হয়েছেন। চলতি সংগ্রহ মৌসুমে অত্র উপজেলায় অ্যাপসের মাধ্যমে ৩২ মে:টনধান ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং সে মোতাবেক কৃষক নিবন্ধন সম্পন্ন করে ধান ক্রয়ের চেষ্টা চলছে। খাদ্য বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান্ রয়েছে। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৭ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা বলেন, বন বিভাগের ৮৯ নং কুলিয়াদি মৌজায় বন বিভাগের নামে ২নং খতিয়ানে রেকর্ডভুক্ত ২০.৯৫ একর বন ভূমি সরেজমিনে পরিমাপ করত: সীমানা নির্ধারণের জন্য স্থানীয় জনপ্রতিনিধি ও উপজেলা প্রশাসনসহ পুলিশ বাহিনীর সার্বিক সহযোগিতা কামনা করেন। সরকারি বনভূমি অবৈধ জবর দখল মুক্ত করে সরকারি উন্নয়নমূলক কর্মকান্ড বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। বন বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে জানান। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৮ | সমন্বয়কারী/ ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | সমন্বয়কারী/ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অভিহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৯ | পরিসংখ্যান | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর অধীন জনশুমারি ও গৃহ-গণনা ২০২১ এর জন্য তালিকারী/গণনাকারী ও সুপার ভাইজার নিয়োগের কাজ সম্পন্ন হয়েছে শুমারির প্রস্তুতির কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া উপজেলা পরিসংখ্যান অফিসের নিয়মিত কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | পরিসংখ্যান কর্মকর্তা |
| ২০ | পল্লী দারিদ্র্য বিমোচন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ২১ | পজীপ | উপজেলা প্রকল্প কর্মকর্তা বলেন, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে জানান। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | পল্লী বিদ্যুৎ | ডিজিএম নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ জানান যে, শীতকালীন সময়ে আমাদের দেশে রাতের বেলা ব্যাডমিন্টন খেলার প্রচলন রয়েছে। এসব খেলায় বিদ্যুৎ এর খুঁটি থেকে সরাসরি লাইন নেয়া হয়ে থাকে; যা সম্পূর্ন বেআইনী এবং ঝুকিঁপূর্ণ। যেকোনো সময় এতে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। এ বিষয়ে প্রত্যেক ইউনিয়নের চেয়ারম্যান, মেম্বার ও সচেতন মহলকে সর্তক দৃষ্টি রাখতে হবে এবং বিদ্যুৎ এর খুঁটি থেকে সরাসরি লাইন নেয়া বন্ধ করতে হবে। জাতীয় পোগ্রামের সাথে সংগতি রেখে পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক যথাযোগ্য মর্যাদার সহিত মুজিব বর্ষ উপলক্ষে বর্ষব্যাপী কর্মসূচি গ্রহণ করা হয়েছে এবং তা ধাপে ধাপে বাস্তবায়ন করা হচ্ছে। রূপগঞ্জ উপজেলাকে ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে শতভাগ বিদ্যুতায়ন ঘোষনা করা হয়েছে। নতুন নতুন যে সকল ঘরবাড়ী নির্মিত হচ্ছে সেগুলোতে অতি অল্প সময়ের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হচ্ছে এবং ভবিষ্যতেও এই কার্যক্রম অব্যাহত থাকবে। মুজিব বর্ষ হতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে পরিকল্পনা গ্রহন করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী বৈদ্যুতিক লাইনের যেসকল সমস্যা রয়েছে তা দুত মেরামত কাজ অব্যাহত রয়েছে। ডিজিএম পল্লীবিদ্যুৎ বলেন, বিদ্যুৎ জাতীয় সম্পদ। "বিদ্যুৎ অপচয় রোধ করি, সোনার বাংলাদেশ গড়ি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে সবাইকে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার অনুরোধ জানান। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভাকে অবিহিত করেন। | কার্যক্রমের এধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) জনাব মোঃ আশরাফুল আলম সভাকে জানান, ইউজিডিপি'র (৪র্থপর্যায়) ২০১৯-২০ অর্থ বছরে বাস্তবায়নের জন্য ১০ (দশ) লক্ষ টাকার মধ্যে সক্ষমতা উন্নয়ন প্রকল্পের জন্য ০৬ (ছয়) টি প্রকল্প প্রকল্পের প্রধানকার্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে এবং অবশিষ্ট ৪০ (চল্লিশ) লক্ষ টাকার ০১ (এক) টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্রকল্পের প্রধান কার্যালয় কর্তৃক অনুমোদন হয়েছে। অনুমোদিত অবকাঠামো উন্নয়ন প্রকল্পটির দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীতে সভায় আহবান জানানো হয়। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অনুমোদিত অবকাঠামো উন্নয়ন প্রকল্পটি অতি দ্রুত দরপত্র কার্যক্রম গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিষদ |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | অনুপস্থিত | | |
| ২৫ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | শিক্ষা প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী বলেন, সরকারি অর্থায়নে এ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নতুন অবকাঠামো তৈরি ও পুরাতন অবকাঠামো সংস্কারের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও বিভিন্ন উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। নতুন অবকাঠামো তৈরি ও পুরাতন অবকাঠামো সংস্কারে সংশ্লিষ্ট কার্যাদেশের কপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে জানান। | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যামান অবকাঠামো এবং শিক্ষার্থীদের সংখ্যার নিরীক্ষে প্রয়োজনীয় ভৌত সুবিধা প্রদানের লক্ষ্যে এবং কাজের গুনগতমান নিশ্চিতকল্পে চলমান কাজ সমূহের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ এবং সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অবহিত করা এবং নতুন অবকাঠামো তৈরি ও পুরাতন অবকাঠামো সংস্কারে সংশ্লিষ্ট কার্যাদেশের কপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করা । | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬ | বিবিধ-০১ | | প্রতিবন্ধী যাচাই বাছাই জরিপ কার্যক্রমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেয়র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও পৌরসভা মেয়র |

কায়েতপাড়া ইউনিয়ন প্রতিনিধি, উপজেলা প্রশাসন, রূপগঞ্জ কর্তৃক মহান বিজয় দিবস উপলক্ষে গৃহীত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নে আমরা সহযোগিতা করবো। কোনো কুচক্রীমহল যেন বাধা সৃষ্টি করতে না পারে এজন্য আইন শৃংখলা বাহিনীকে সর্তক থাকতে হবে। বর্তমান সময়ে বাংলাদেশে করোনা ভাইরাসের আতংক চলমান রয়েছে। আমাদের রূপগঞ্জ উপজেলাও তার বাহিরে নয়। যারা করোনা ভাইরাস মোকাবেলা কাজ করে যাচ্ছে তাদের সবাইকে তিনি আন্তরিক ধন্যবাদ জানান। তিনি আরো জানান, করোনা পরিস্থিতি থাকা অবস্থায়ও যার যার অবস্থান থেকে আমাদের সকলকে রূপগঞ্জ উপজেলার উন্নয়নে কাজ করে যেতে হবে।

চেয়ারম্যান, রূপগঞ্জ ইউনিয়ন পরিষদ বলেন, আমাদের ইউনিয়নে বিভিন্ন সিটি কর্তৃক বালু ভরাট করায় জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। শিমুলিয়া বাজার থেকে কলিঙ্গা পর্যন্ত রাস্তার কাজ চলমান। কাজ দ্রুত গতিতে চলছে। আমরা আশা করি রাস্তাটি সম্পন্ন হলে যানজট অনেকটাই কমে যাবে। এছাড়া আমাদের ইউনিয়নে ভিজিডি ভাতাভোগীর সংখ্যা যেন বৃদ্ধি করা হয়।

চেয়ারম্যান, ভূলতা ইউনিয়ন পরিষদ বলেন , আমাদের ইউনিয়নের রাস্তার পাশে জমে থাকা পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণের প্রয়োজন। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। ওয়াটার পটের/ক্যামিক্যাল এ যে রাস্তা তা যদি মেরামত করা হয় তাহলে ভুলতার জ্যাম অকেটাই কমে যাবে। আমার ভুলতা ইউনিয়নের কয়েকটি রাস্তার টেন্ডার হওয়ার কথা ছিল। এ বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। তিনি আরো বলেন, বিশ্বব্যাপী করোনো ভাইরাস মহামারী আকারে ছড়িয়ে পড়ায় দুঃখ প্রকাশ করেন। এ ভাইরাসে আক্রান্ত হয়ে লক্ষ লক্ষ লোক মারা যাচ্ছে। আমাদের রূপগঞ্জ এর অবস্থাও আগের চেয়ে ভালো। দিন রাত পরিশ্রম করে যারা করোনা ভাইরাস প্রতিরোধে কাজ করে যাচ্ছেন তাদের প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

চেয়ারম্যান, মুড়াপাড়া ইউনিয়ন পরিষদ বলেন, সামনে আমাদের ইউনিয়ন পরিষদের নির্বাচন। আমার এলাকার রাস্তাঘাটের অবস্থা মোটেও ভালো না। নির্বাচন উপলক্ষে নির্বাচনের আগে রাস্তাগুলো মেরামত করার জন্য অনুরোধ করছি। উপজেলা প্রশাসন হতে গ্রাম আদালতের মাধ্যমে নিষ্পত্তির জন্য নারী নির্যাতনসহ বিভিন্ন অভিযোগের পত্র পাই। এ সকল অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে কিছু বিধি বিধান থাকায় আমাদের পক্ষে নিষ্পত্তি করা সম্ভব হয় না, এ বিষয়ে তিনি উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বিশ্বব্যাপী করোনা ভাইরাস মহামারী আকারে ছড়িয়ে পড়ায় দুঃখ প্রকাশ করেন। এ ভাইরাসে আক্রান্ত হয়ে ইতোমধ্যে বিশ্বে দশ লাখ মানুষ মারা গেছে। আমাদের দেশেও এ ভাইরাসের মৃত্যুর হার বৃদ্ধি পাচ্ছে। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রাখা এবং স্বাস্থ্যবিধি গাইড লাইন অনুসরণ করার জন্য অনুরোধ করেন।

চেয়ারম্যান,দাউদপুর ইউনিয়ন পরিষদ, আমাদের দাউদপুর ইউনিয়নের নির্বাচন অত্যন্ত সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। নির্বাচনের পর এটাই আমার উপজেলায় প্রথম সমন্বয় সভায় অংশগ্রহণ। উপস্থিত সকলকে শুভেচ্ছা ও আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। ইতোমধ্যে আমার ই্উনিয়নের রাস্তার কাজ শুরু করা হয়েছে। কাজিরবাগ এলাকায় রাস্তার কাজে ২০-২৫টি ঘর ভাঙ্গা হয়েছে। এরা অত্যন্ত নিরীহ ও দরিদ্র, দিন আনে দিন খায়। এদের জন্য কিছু ক্ষতিপূরণের ব্যবস্থা করলে তারা উপকৃত হবে। রূপগঞ্জ উপজেলা শিল্পাঞ্চল হওয়ায় এখানে জনগণের চলাচল বেশি; যার কারণে আমাদের করোনা ভাইরাসের ভয়ও বেশি। আমাদেরকে সবোচ্চ সতর্ক থাকতে হবে। এ বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষন করেন। তিনি আরো জানান, দাউদপুর ইউনিয়নে এ সরকারের আমলে যথেষ্ঠ উন্নয়ন হয়েছে। আমরা অনেক আনন্দিত।

চেয়ারম্যান, ভোলাব ইউনিয়ন পরিষদ, উপস্থিত সকলকে বিজয় দিবসের শুভেচ্ছা জানান। আমার ইউনিয়নের রাস্তার মেরামতের কাজ শুরু হয়েছে। কাজের গতি আগের চেয়ে ভালো। এছাড়া চৈত্র মাসে আমার ভোলাব ইউনিয়নে বিশুদ্ধ পানির প্রকট সমস্যা হয়। পানির সমস্যা সমাধানে গভীর নলকূপ স্থাপনের জন্য অনুরোধ জানাচ্ছি। পাশাপাশি আমার ইউনিয়নে বিধবা ভাতা বৃদ্ধি করার জন্য অনুরোধ করছি। এছাড়া আমার ইউনিয়নের বেশ কিছু রাস্তা বালু দিয়ে ভরাট/মেরামত করলেও ৪০-৫০টন ওজনের আর.এফ.এল এর ট্রাক/গাড়ি চলাচলের কারণে এসকল রাস্তা চলাচলের অনুপোযোগী হয়ে যায়। এ বিষয়ে তিনি সকলের দৃষ্টি আর্কষণ করেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান।

উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব সোহেল আহম্মদ ভূইয়া বলেন, আমরা রূপগঞ্জবাসী গর্বিত, আমরা অত্যন্ত আনন্দিত। আমরা একজন বীর প্রতীকের কর্মী। তাঁর আর্দশকে লালন করে সামনের দিকে এগিয়ে যেতে হবে, উন্নয়নের দিকে অগ্রসর হতে হবে। কোনো কুচক্রীমহল যেন আমাদের উন্নয়নের ধারাকে বাধা দিতে না পারে। আমাদের প্রত্যেকটি কর্মীকে সর্তক থাকতে হবে। মন্ত্রী মহোদয়কে আমাদের পক্ষ হতে শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি এবং মাননীয় প্রধানমন্ত্রী কে ধন্যবাদ জ্ঞাপন করছি। বর্তমান সময়ে করোনা ভাইরাস পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ। সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এ ভাইরাস নিয়ন্ত্রণে সম্মিলিতভাবে কাজ করতে হবে। এছাড়াও তিনি জানান, মুজিববর্ষ উপলক্ষে গৃহীত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে আমরা কাজ করে যাচ্ছি।

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব সৈয়দা ফেরদৌসী আলম নীলা উপস্থিত সকলকে স্বাগত শুভেচ্ছা জানান তিনি বস্ত্র ও পাঠ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলম দস্তগীর গাজী, বীর প্রতীক এর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন এবং ধন্যবাদ জানান; এই সংকটময় মুর্হুতে অসুস্থ্য থেকেও সার্বক্ষণিক আমাদের পাশে থাকার জন্য। মহান বিজয় দিবস ২০২০ উদযাপনে রূপগঞ্জ উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্নকরণে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। বর্তমান সময়ে করোনা ভাইরাস পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ। সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এ ভাইরাস নিয়ন্ত্রণে সম্মিলিতভাবে কাজ করতে হবে। এছাড়াও তিনি জানান, মুজিববর্ষ উপলক্ষে গৃহীত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে আমরা কাজ করে যাচ্ছি।

জনাব গোলাম দস্তগীর গাজী (বীর প্রতীক) এমপি, মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। রূপগঞ্জের উন্নয়নের ধারা অব্যাহত রাখার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। তিনি আরো বলেন, মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ প্রকল্প-২ এর অধীন ''ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য গৃহ নির্মাণ" প্রকল্পের আওতায় রূপগঞ্জ উপজেলায় ৪৯৮টি ঘর বরাদ্দ পাওয়া যায়। সর্বোচ্চ গুরুত্ব দিয়ে যথাসময়ে গৃহ নিমার্ণ বাস্তবায়ন করতে হবে। বর্তমান সময়ে আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ কোভিট-১৯ ভাইরাস মোকাবেলা করা। প্রতিদিনই এ ভাইরাসে আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ (সেকেন্ড ওয়েভ) পরিস্থিতি শতভাগ নিয়ন্ত্রণে আমাদেরকে আরো সচেতন হতে হবে। উপজেলা পর্যায়ে যেকোনো অনুষ্ঠান বা কর্মসূচি বাস্তবায়নে যেন শতভাগ স্বাস্থ্যবিধি অনুসরণ করা হয় এ বিষয়ে সর্তক থাকতে হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে গৃহীত কার্যক্রম ধাপে ধাপে বাস্তবায়ন করা হচ্ছে। রূপগঞ্জ উপজেলায় শতভাগ বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। তিনি সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। রূপগঞ্জ উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ে তোলা হবে মর্মে সবার সহযোগিতা কামনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ যাদের রক্তের বিনিময়ে আমাদের স্বাধীনতা অর্জন হয়েছে সেই বীর মুক্তিযোদ্ধাদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বস্ত্র ও পাঠ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলাম দস্তগীর গাজী, বীর প্রতীক এর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। কোভিড-১৯ (করোনা ভাইরাস) এর কারনে আমাদের পক্ষে পূর্বের মতো জাকঁজমকপূর্ণ ভাবে বিজয় দিবস উদযাপন করা সম্ভব নয়। সরকারি নির্দেশনা মোতাবেক মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে উপজেলা রূপগঞ্জ প্রশাসন কর্তৃক সীমিত পরিসরে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বিভিন্ন কর্মসূচি আয়োজন করা হয়েছে। এ সকল কর্মসূচি সুষ্ঠু ও সন্দরভাবে সম্পন্নকরণে সকলের সহযোগিতা কামনা করছি। মন্ত্রী মহোদয়ের সহযোগিতায় মুজিববর্ষ উপলক্ষে রূপগঞ্জ উপজেলায় ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণের জন্য ৪৯৮টি ঘর বরাদ্দ পাওয়া যায়; যা অন্যান্য উপজেলার চেয়ে অনেক বেশি। গৃহগুলো যথাসময়ে নির্মাণ সম্পন্ন করার জন্য উপজেলা প্রশাসন নিরলস পরিশ্রম করে যাচ্ছে। তিনি বিশ্বব্যাপী করোনো ভাইরাস মহামারী আকারে ছড়িয়ে পড়ায় দুঃখ প্রকাশ করেন। এখনো জনমনে করোনা ভাইরাসের আতঙ্ক রয়েছে। আমাদের দেশেও এ ভাইরাসে আক্রান্তের সংখ্যা বেড়েই চলছে। কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ (সেকেন্ড ওয়েভ) পরিস্থিতি শতভাগ নিয়ন্ত্রণে রাখতে স্বাস্থ্যবিধি মেনে চলার বিকল্প কিছু নাই। অদ্যাবধি রূপগঞ্জ উপজেলায় করোনায় আক্রান্ত মোট ১৪৭১ জন, এর মধ্যে সুস্থ্য হয়েছে ১৩৮৬ জন, মোট মৃত্যু ১২ জন। সর্বোচ্চ সর্তকতাই এ ভাইরাস মুক্তির একমাত্র পথ। তিনি আরো জানান, মুজিববর্ষ উপলক্ষে গৃহীত কর্মসূচি বাস্তবায়নে আমরা কাজ করে যাচ্ছি এবং মুজিব বর্ষ উপলক্ষে প্রত্যেক দপ্তরের গৃহীত কর্মসূচি বাস্তবায়ন করার জন্য তিনি সকলের দৃষ্টি আকর্ষন করেন। এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাধ্যতামূলকভাবে সভাপতি ও ম্যানিজিং কমিটির সমন্বয়ে সততা স্টোর প্রতিষ্ঠা করতে হবে। রূপগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন পূর্বক ইভটিজিং ও মাদকদ্রব্য রোধের বিষয়ে শিক্ষকদের পরামর্শ প্রদান করা হয়েছে।এছাড়াও প্রতিমাসের ০১ তারিখের মধ্যে স্ব স্ব দপ্তরের সভার কার্যক্রম উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রেরণের জন্য সকল অফিসারকে অনুরোধ জানান।

সভাপতি মহোদয় উপজেলার উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে দিক নির্দেশনামূলক আলোচনা করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থিত সদস্যগণকে রূপগঞ্জ উপজেলার উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার অনুরোধ জানান। তিনি বস্ত্র ও পাঠ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলাম দস্তগীর গাজী, বীর প্রতিক এর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। কোভিড-১৯ (করোনা ভাইরাস) এর কারনে পূর্বের মতো জাকঁজমকপূর্ণ ভাবে বিজয় দিবস উদযাপন করা যাবে না। মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে উপজেলা রূপগঞ্জ প্রশাসন কর্তৃক সীমিত পরিসরে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বিভিন্ন কর্মসূচি আয়োজন করা হয়েছে। এ সকল কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্নকরণে সকলের সহযোগিতা কামনা করছি। মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ প্রকল্প-২ এর অধীন ''ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য গৃহ নির্মাণ" প্রকল্পের আওতায় রূপগঞ্জ উপজেলায় প্রাপ্ত ঘরগুলো যথাসময়ে বাস্তবায়ন করার অনুরোধ করা হয়। ডিসেম্বর মাসের মধ্যেই রূপগঞ্জ উপজেলার ২০১৯-২০ হতে ২০২৩-২০২৪ ইং সালের উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা তৈরী করে জমা দেয়ার জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং দপ্তর প্রধানগনকে অনুরোধ জানান। বর্তমান সময়ে আলোচিত করোনা ভাইরাসের আতংকে জনমনে ভয়ভীতির সৃষ্টি হচ্ছে। এ ভাইরাসে আক্রান্তের সংখ্যা বেড়েই চলছে। কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ (সেকেন্ড ওয়েভ) পরিস্থিতি মোকাবেলায় তিনি সকলকে শতভাগ স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ জানান। আমাদের উপজেলার ভোলাব, মুড়াপাড়া, রূপসীর রাস্তাগুলো চলাচলের অনুপোযোগী; যেসকল ঠিকাদাররা রাস্তার কাজগুলো পেয়েছেন তারা যেন দ্রুত কাজ শুরু করে এ বিষয়ে তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন। কসাইখানা এবং ডাইগোনোস্টিক সেন্টার এর ট্রেড লাইসেন্সসহ অন্যান্য লাইসেন্স আছে কিনা এ বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। তিনি তিনি আরো জানান যে, এ উপজেলার প্রত্যেকটি ডিপার্টমেন্ট মুজিববর্ষকে সামনে রেখে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে; আমরা তা বাস্তবায়নে কাজ করে যাচ্ছি। মুজিবর্ষ উপলক্ষে রূপগঞ্জ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে সততার পরিচর্যার জন্য শতভাগ সততা স্টোর প্রতিষ্ঠা নিশ্চিত করতে হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ইউনিফর্ম পরিধান নিশ্চিত করতে হবে। মুজববর্ষ উপলক্ষে আমরা প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন করবো। রূপগঞ্জের কৃষি জমিতে রাতের অন্ধকারে ভূমি দস্যু কর্তৃক বালু ভরাট করা হচ্ছে । এ উপজেলায় যেটুকু কৃষি জমি রয়েছে তা যেন ঠিক থাকে। কৃষি জমিতে রাতের অন্ধকারে বালু ফেললে আমাদেরকে জানান আমরা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবো। রূপগঞ্জ উপজেলায় কোন সমস্যার উদ্ভব হলে সম্মিলিত প্রয়াসে সমাধান করার প্রতি জোর আরোপ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শাহজাহান ভূঁইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

স্মারক নং- ০৫.৪১.৬৭৬৮.০০০.১৬.০০৯.২০- ৮৬৭/১(৩০)

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৭
১০ ডিসেম্বর ২০২০

সদয় জ্ঞাতার্থেঃ-
১। জনাব গোলাম দস্তগীর গাজী (বীরপ্রতীক),এমপি
মাননীয় মন্ত্রী, (বস্ত্র ও পাট মন্ত্রণালয়), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

অবগতি ও কার্যার্থে ঃ
১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
২। উপজেলা ........................................................................কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান........................................................ইউপি (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। জনাব/বেগম..................................................................

10/12/2020

শাহ্ নুসরাত জাহান
উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
☏ ০২-৭৬৫০১০১
০২-৭৬৫০০১৬
unorupganj@mopa.gov.bd